

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়
কালাই, জয়পুরহাট।
bbs.kalai.jaypurhat.gov.bd

স্মারক নং-৫২.০১.৩৮৫৮.০০০.০৪.৩০.৮৭-৮

তারিখ: ১১.১২.২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান বুরো কর্তৃক বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ এর লিস্টিং অপারেশন কার্যক্রমে ‘তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার’ পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগী শর্তে শুধুমাত্র কালাই উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রাপ্তি ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম স্মাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চিং হতে হবে। ৪) সহজে বোধগ্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী/সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম এইচএসসি/সময়মানেরপাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চিং হতে হবে। ৪) সহজে বোধগ্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী/সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিঃম্ব: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উৎখন্ত কর্তৃপক্ষের সিঙ্কান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.kalai.jaypurhat.gov.bd) এবং উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের ওয়েবসাইট(kalai.jaypurhat.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহষ্টে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(bbs.jaypurhat.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (ক্রম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (ক্রম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) লিস্টিং অপারেশনে মোবাইল আপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপাদন সাপেক্ষে মতিলা প্রার্থীগণকে অগ্রাধিকার ভিত্তিতে মোট পদের ৫০% নিয়োগ প্রদান করা হবে, উল্লেখ্য যে, যোগ্য বেকার যুব মহিলা প্রার্থী না পাওয়া সাপেক্ষে বেকার যোগ্য যুবক প্রার্থী হতে নিয়োগ প্রদান করা হবে।
- ৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সভোষণক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্যকেন কর্তৃত নিযুক্ত করতে পারবেন না।
- ৭) ভূল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সকল পদের আবেদন ফরম বৰ্ত থামের উপর ভান পার্শ পদের নাম উল্লেখপূর্বকআগামী ১৬/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত স্থানে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের (বিকাল ৫:০০ ঘটিকা) মধ্যে পৌছাতে হবে।
- ৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- ১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- ১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথসময়ে প্রকাশ করা হবে।
- ১৩) জরিপ চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বাতিল করা হবে।
- ১৪) এ নিয়োগটি শুধুমাত্র এ লিস্টিং/ শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলৱৎ থাকবে এবং এ লিস্টিং/ শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল হবে।
- ১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিঙ্কান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মেবার্ক হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কালাই, জয়পুরহাট।

ও

সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কালাই, জয়পুরহাট।